

# নয়া দিগন্ত

ঢাকা, সোমবার, ২১ ভাদ্র ১৪১২, ৫ সেপ্টেম্বর ২০০৫

## ঢাকা স্টকে ড. ইউনুস গরিব মানুষ শুধু গাভী পুষবে তা হয় না

অর্থনৈতিক প্রতিবেদক

বিশিষ্ট অর্থনীতিবিদ ও গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক অধ্যাপক ড. মুহম্মদ ইউনুস বলেছেন, গরিব মানুষ শুধু গাভী পুষবে তা হয় না। দেশের পুঁজিবাজার শুধু বড় লোকের নয়। এখানে গরিবের অংশগ্রহণ থাকা প্রয়োজন। আর সে লক্ষ্যেই আমরা গ্রামীণ মিউচুয়াল ফান্ড ওয়ান শেয়ারবাজারে ছেড়েছি। আমাদের পরবর্তী লক্ষ্য হবে— কীভাবে গরিব মানুষ বড় কোম্পানির মালিক হতে পারে।

ঢাকা স্টকের সাথে গতকাল গ্রামীণ মিউচুয়াল ফান্ড ওয়ানের চুক্তি স্বাক্ষরের পর বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। ঢাকা স্টকের সভাপতি মোঃ শাহিক খানের সভাপতিত্বে অনুষ্ঠিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডিএসই'র ভাইস প্রেসিডেন্ট আহমেদ রশীদ লালী, সিইও সালাহউদ্দিন আহমেদ খান, গ্রামীণ মিউচুয়াল ফান্ডের সিইও ইয়াওয়ার সাঈদ। চুক্তিতে স্বাক্ষর করেন ঢাকা স্টকের সিইও সালাহউদ্দিন আহমেদ খান এবং গ্রামীণ মিউচুয়াল ফান্ডের পক্ষে সিইও ইয়াওয়ার সাঈদ। এরপরই এ ফান্ডের ট্রেড শুরু হয়। শুরুতেই ১০ টাকার শেয়ারের বাজারমূল্য ২২ টাকায় দাঁড়ায়।

ড. ইউনুস বলেন, গ্রামীণ মিউচুয়াল ফান্ড ওয়ান গরিবের টাকা দেখাশোনা করবে। গরিব মানুষ শুধু গাভী পুষবে তা হয় না। তারাও যেন শেয়ারবাজারে অংশগ্রহণ করতে পারে সেজন্যই এই ফান্ড গঠন করা হয়েছে। তবে এ উদ্যোগ

আজ থেকে ৫ বছর আগেই নেয়া হয়েছিল। তিনি বলেন, অনেকে মনে করেন বিশ্বব্যাংক গ্রামীণ ব্যাংককে টাকা দিয়ে থাকে। কিন্তু এটা ঠিক না। গ্রামীণ ব্যাংকের টাকা হলো গরিবের। এই ফান্ডের মালিক গ্রামীণ ব্যাংক ও ফান্ড।

তিনি বলেন, গ্রামীণফোনের শেয়ার পুঁজিবাজারে আনার জন্য তারা চেষ্টা করছেন। এ ফোনের ৩৮ শতাংশ শেয়ার হলো গ্রামীণ টেলিকমের। তবে এ শেয়ার এখন গ্রামীণ ব্যাংকের সদস্যদের মাঝে বিতরণ করা হয়নি। গ্রামীণফোন সরকারকে বছরে যে পরিমাণ ট্যাক্স দেয়, এত ট্যাক্স অন্য কোনো কোম্পানি সরকারকে দেয় না। তিনি বলেন, গ্রামীণ ব্যাংকের ৫০ লাখ সদস্য। আর এর ৯৬ শতাংশ হলো মহিলা। এখানে ১৪ হাজার লোক কাজ করছে। এ ব্যাংক বছরে ৩ হাজার কোটি টাকা ঋণ বিতরণ করে থাকে।

শাহিক খান বলেন, আমরা অবগত হয়েছি যে, মাত্র ৫ কোটি টাকার মিউচুয়াল ফান্ডের জন্য ৪৫ কোটি ৪৮ লাখ টাকার আবেদন পড়েছিল। প্রয়োজনের অতিরিক্ত ৯ গুণ আবেদন প্রমাণ করে যে, বিনিয়োগকারীরা এ ফান্ডের প্রতি প্রচণ্ড আস্থাশীল। তিনি বলেন, অতীতে আইসিবি ও বিএসআরএস'র মতো সরকারি প্রতিষ্ঠান মিউচুয়াল ফান্ড গঠন করেছে। এইমস'ই প্রথম বেসরকারি প্রতিষ্ঠান হিসেবে মিউচুয়াল ফান্ড গঠন করে। আর আজ তাদেরই ব্যবস্থাপনায় গ্রামীণ ১ম মিউচুয়াল ফান্ড বাজারে এলো।